



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (২য় সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৬৪.১৪- ২৪৭


তারিখঃ ২৪/০৪/২০১৭ খ্রিঃ

জনাব মোঃ নাসিম উদ্দীন  
এআরডিও (ইরেসপো)  
বিআরডিবি, শার্শা, যশোর

বিষয়ঃ কৈফিয়ত তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের স্মারক নং ১৫৩ তারিখঃ ২১/০৩/১৭খ্রিঃ মূলে প্রতি মাসের শুরুতে WCS (Without Data) প্রিন্ট করে মাঠ সংগঠকদের মাধ্যমে সমিতির ম্যানেজারদের দেয়ার এবং ম্যানেজারদের মাধ্যমে সমিতি পর্যায়ে সংরক্ষণের নির্দেশনা রয়েছে। উক্ত WCS (Without Data) সমিতির ব্যক্তিগয়ারী সঞ্চয় ও ঋণ খতিয়ান হিসেবে ব্যবহৃত হবে। অদ্যাবধি আপনি মাঠ পর্যায়ে ম্যানেজারদের WCS (Without Data) বিতরণ করেন নি; যা দায়িত্বে অবহেলা হিসেবে বিবেচিত হয়। এছাড়া উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করা সরকারী চাকুরি বিধি পরিপন্থী।

এমতাবস্থায়, দায়িত্বে অবহেলা ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে চাকুরি বিধি পরিপন্থী কার্যক্রমের জন্য কেন আপনাকে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার জবাব আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য বলা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক, ইরেসপো  
বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ শার্শা জেলাঃ যশোর।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।